

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৯৯

১/ বিবিধ

আরবী

الدعاء جند من أجناد الله تبارك وتعالى، مجند يرد القضاء بعد أن يبرم
موضوع

رواه ابن عساكر (7 / 264 / 1 و 17 / 324 / 2) عن سلم بن يحيى الجراوي: أخبرنا
نمير بن الوليد بن نمير بن أوس الأشعري: أخبرنا أبي عن جدي مرفوعا. وقال: " هذا
مرسل، نمير بن أوس ليست له صحبة، وهو تابعي، وكان قاضيا بدمشق ". قلت: وهذا
إسناد تالف، نمير هذا اتهمه الذهبي بحديثين ذكرهما له، ونقل عن أبي سعد الماليني
أنه قال: " يقال: إن نميرا تفرد بهذين الحديثين ". قال الذهبي: " وهما موضوعان،
ونمير ما عرفته، وأما أبو هـ وجده فمعروفان ". والحديثان المشار إليهما سبقا بلفظ: "
أكرموا الخبز.... "، و" اللهم متعنا بالإسلام والخبز... ". والحديث أورده السيوطي في
"الجامع الصغير" من رواية ابن عساكر هذه المرسلة، فقال المناوي: " ظاهر صنيع
المصنف أنه لم يره مسندا لأحد، وإلا لما عدل لرواية إرساله، وهو زهول، فقد رواه
أبو الشيخ ثم الديلمي من حديث أبي موسى الأشعري ". قلت: ولم يتكلم على إسنادهما
لا المرسل ولا الموصول، والظاهر أن الموصول من طريق نمير أيضا، والله أعلم. ثم
تأكدت مما استظهرته حين رأيت الحديث في " مسند الديلمي " (2 / 146) من طريق
أبي الشيخ عن نمير بن الوليد به عن جده عن أبي موسى

বাংলা

১৮৯৯। দুয়া হচ্ছে আল্লাহ্ তা'আলার সৈন্যদের এক সৈন্য। তাকে এমনভাবে নিযুক্ত করা হয়েছে যে, সে ফয়সালাকে (তাকদীরকে) পরিবর্তন করে তাকে নির্ধারিত করে দেয়ার পরে।

হাদীসটি বানোয়াট।

এটিকে ইবনু আসাকির (৭/২৬৪/১, ১৭/৩২৪/২) সালাম ইবনু ইয়াহইয়া খাজরাবী হতে, তিনি নুমায়ের ইবনুল অলীদ ইবনু নুমায়ের ইবনু আউস আশ'যারী হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

তিনি বলেনঃ এটি মুরসাল। নুমায়ের ইবনু আউসের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে সাক্ষাৎ ঘটেনি। তিনি একজন তাবেঈ, তিনি দেমাক্কের কাযী ছিলেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি ধ্বংসপ্রাপ্ত। এ নুমায়েরকে হাফিয় যাহাবী তার দু'টি হাদীস উল্লেখ করে মিথ্যা বর্ণনা করার দোষে দোষী করেছেন। আর তিনি আবু সা'দ মালীনীর্ উদ্ধৃতিতে উল্লেখ করেছেন যে, তিনি বলেনঃ নুমায়ের এ দু'টি হাদীস এককভাবে বর্ণনা করেছেন।

হাফিয় যাহাবী বলেনঃ সে দু'টি বানোয়াট। আর আমি নুমায়েরকে চিনতে পারিনি। তবে তার পিতা এবং তার দাদা পরিচিত। ইঙ্গিত করা তার দু'টি হাদীস হচ্ছেঃ

(... اللهم متعنا بالإسلام والخير) আর (...أكرموا الخير)

আলোচ্য হাদীসটিকে আবুশ শাইখ ও দাইলামী আবু মুসা আশ'আরী (রাঃ)-এর হাদীস হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ মানবী তাদের দু'জনের সনদের ব্যাপারে কোন কথা বলেননি। না মুরসাল আর না মওসূল কোন ব্যাপারেই নয়। তবে বাহ্যিক অবস্থা এই যে, নুমায়েরের সূত্রটিও মওসূল হিসেবে বর্ণিত হয়েছে।

অতঃপর আমার নিকট তখন বিষয়টি স্পষ্ট হয়েছে যখন আমি হাদীসটিকে “মুসনাদুদ দাইলামী” গ্রন্থে (২/১৪৬) দেখলাম যে, আবুশ শাইখ সূত্রে নুমায়ের ইবনুল অলীদ হতে, তিনি তার দাদা হতে আর তিনি আবু মুসা (রাঃ) হতে বর্ণনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72782>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন